## ১. শৃঙ্খলাবিধি : সমন্বিত শৃঙ্খলাবিধি, উপবিধি ও প্রয়োগ পদ্ধতি (বোর্ড কর্তৃক অনুমোদিত)

| অসদুপায়/অপরাধসমূহ | শাস্তিমূলক ব্যবস্থাসমূহ |
|---|---|
| ১.১ পরীক্ষার্থী কক্ষে পানি পান করা ভিন্ন বিনা অনুমতিতে অন্য কিছু পান করা বা খাওয়া। | পরীক্ষার্থীর নিকট হইতে উত্তরপত্র রাখিয়া তাহাকে পরীক্ষার কক্ষ হইতে বাহির করিয়া দিতে হইবে। |
| ১.২ পরীক্ষা কক্ষে এদিক ওদিক তাকান এবং অপরাপর পরীক্ষার্থীর সঙ্গে কথা বলা। | সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল করিতে হইবে। |
| ১.৩ পরীক্ষার্থীর সহিত সংশ্লিষ্ট বিষয়ে আপত্তিকর অননুমোদিত কাগজপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক যন্ত্রপাতি, ব্লু টুথ কমিউনিকেশন ডিভাইস ইত্যাদি সঙ্গে থাকা | এই পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে। |
| ১.৪ টেবিল/ চেয়ার/দেওয়াল/ইন্সট্রুমেন্ট/ মোবাইলের লেখা/ পরীক্ষা কক্ষে পরিধেয় পোশাক ইত্যাদি হইতে অথবা অন্য কোন নথি পত্র হইতে পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন নকল করা | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী এক শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.৫ অন্য পরীক্ষার্থীর / পরীক্ষার্থীদের উত্তরপত্র দেখিয়ে নকল করা। (এই ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে দেখাইতেছে প্রমানিত হইলে তাহাকেও সমান শাস্তির সুপারিশ করা হইবে। উভয়ের সংশ্লিষ্ট অংশ লাল কালির দ্বারা নিম্নরেখা (Underline) করিতে হইবে)। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী এক শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.৬ উত্তর পত্রে প্রশ্নপত্রের সহিত সম্পর্ক বিবর্জিত আপত্তিকর কিছু লেখা অথবা অযৌক্তিক মন্তব্য বা অনুরোধ করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী এক শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.৭ পরীক্ষা কক্ষে অপরকে অপরাধ করতে সাহায্য করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী এক শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.৮ কক্ষ ইনভিজিলেটর/হল সুপারভাইজর/চীপ ইনভিজিলেটর। ভারপ্রাপ্ত কর্মকর্তা/পরীক্ষার সহিত সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা/কর্মচারীকে গালাগালি করা বা ভীতি প্রদর্শন করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.৯ পরীক্ষার কক্ষে বাধা বিঘ্ন সৃষ্টি করা বা গোলযোগ করা | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১০ দোষনীয় কাগজপত্র কক্ষ পরিদর্শীকে না দিয়ে তাহা নাগালের বাহিরে ফেলিয়া দেওয়া বা তাহা গিলিয়া খাওয়া। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১১ এক উত্তরপত্রে দুই রকম/ দুই ব্যক্তির হাতের লেখা থাকা | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১২ প্রশ্নপত্র বা উহার অনুলিপি বা সাদা উত্তরপত্র বাহিরে পাচার করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৩ প্রশ্নপত্র/ অলিখিত উত্তরপত্র / পরীক্ষা সংক্রান্ত অন্যান্য মালামাল বেআইনীভাবে পাওয়ার চেষ্টা করা | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৪ পরীক্ষার কক্ষে কেন্দ্রের প্রাঙ্গনে বা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে কোন কক্ষ পরিদর্শীকে বা সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা/ কর্মচারীকে আক্রমন করা বা আক্রমনের চেষ্টা করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৫ উত্তরপত্র দাখিল না করিয়া পরীক্ষা কক্ষ ত্যাগ করা / ত্যাগ করার চেষ্টা করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৬ উত্তরপত্রের লিখোকোড ঘষামাজা/রোল নং পরিবর্তন উত্তরপত্র পরস্পর পরস্পর বিনিময় করা অথবা উক্ত কাজে অন্যায়ভাবে হস্তক্ষেপ করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষার অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৭ কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত মূল উত্তরপত্রের পাতা পরিবর্তন করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষার অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৮ পরীক্ষা চলাকালীন সময়ে অথবা পরীক্ষা শেষে মূল উত্তরপত্রের সঙ্গে অননুমোদিত অতিরিক্ত উত্তরপত্র কিংবা শীট সংযোজন করা/ করার চেষ্টা করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.১৯ মিথ্যা পরিচয় দিয়া পরীক্ষা কক্ষে অন্যের হইয়া পরীক্ষায় অংশগ্রহন করা/গ্রহনের চেষ্টা করা। | সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং তাহাকে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। মিথ্যা পরিচয়দানকারী ব্যক্তির বিরুদ্ধে পরীক্ষায় দুর্নীতি সংক্রান্ত অধ্যাদেশ অনুসারে ব্যবস্থা নেওয়া হইবে। |
| ১.২০ নিয়ম বহির্ভূতভাবে পরীক্ষায় অংশগ্রহণ করা। | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং ন্যূনপক্ষে পরবর্তী তিন শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |
| ১.২১ পরীক্ষা অনুষ্ঠান সম্পকে কোন কেন্দ্রে অনিয়ম পরিলক্ষিত হইলে এবং /অথবা পরীক্ষায় ঢালাও ভাবে অসদুপায় অবলম্বন করার অবস্থা সৃষ্টি হইলে। | ঐ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা আংশিক ভাবে/সামগ্রিকভাবে অথবা পরীক্ষা কেন্দ্র বাতিল করা হইবে। |
| ১.২২ মোবাইলে কথা বলা/SMS/MMS মাধ্যমে কোন কিছু লেখা বা ছবি থাকলে এবং তা পরীক্ষার বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কিত হলে কর্তব্যরত কক্ষ ইনভিজিলেটর তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবেন | ঐ পর্ব/বৎসরের পরীক্ষা বাতিল করা হইবে এবং তাহাকে পরবর্তী দুই শিক্ষাবর্ষের জন্য পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না। |